



## জনগণ ধানের শীষে ভোট দিতে প্রস্তুত: জাহিদ হোসেন



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেছেন, দেশের মানুষ ধানের শীষ প্রতীকে ভোট দিয়ে পরিবর্তনের পক্ষে রায় দিতে মুখিয়ে আছে। তিনি জরিপে স্বচ্ছতা বজায় রাখা এবং ষড়যন্ত্র মোকাবিলায় সতর্ক থাকার আহ্বান জানান।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডা. এ জেড এম জাহিদ হোসেন দাবি করেছেন, দেশের মানুষ পরিবর্তনের প্রত্যাশায় ধানের শীষ প্রতীকে ভোট দিতে প্রস্তুত। তাঁর মতে, বিএনপিকে বিজয়ী করতে জনগণ আগ্রহভরে অপেক্ষা করছে।

সোমবার (২৯ সেপ্টেম্বর) নবাবগঞ্জ উপজেলা বিএনপির উদ্যোগে আয়োজিত যৌথ কর্মসভায় তিনি এ মন্তব্য করেন।

জরিপ প্রসঙ্গে তিনি বলেন, জরিপ অবশ্যই আন্তর্জাতিক মান বজায় রেখে করা উচিত। শুধুমাত্র মানুষকে বিভ্রান্ত করার জন্য সাজানো জরিপ গণতন্ত্রকে দুর্বল করবে। ষড়যন্ত্র প্রসঙ্গে তিনি সতর্ক করে বলেন, পাহাড়ে যেমন ষড়যন্ত্র চলছে, সমতলেও একইভাবে হতে পারে। ষড়যন্ত্রকারীরা সবসময় বিশৃঙ্খলা সৃষ্টি করতে চাইবে, ভেতর থেকেও এবং বাইরে থেকেও। তাই কোনো পরিস্থিতিতেই তাদেরকে গণতন্ত্রের পথে বাধা সৃষ্টি করতে দেওয়া যাবে না।

নবাবগঞ্জ পাইলট বালিকা বিদ্যালয়ের হলরুমে অনুষ্ঠিত এ কর্মসভায় সভাপতিত্ব করেন উপজেলা বিএনপির সভাপতি তরিকুল ইসলাম। এতে আরও উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক ইকবাল হোসেনসহ ইউনিয়ন বিএনপির নেতাকর্মীরা।